

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতি, জুন ৫, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

আদেশ

তারিখ, ২০শে জ্যৈষ্ঠ, ১৪০৩/৩রা জুন, ১৯৯৬

এস. আর. ও নং ৭০-আইন/৯৬ বিবিধ-৭/৯১ (রাজ-৪)—যেহেতু সরকার আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের সময় শান্তি-শৃংখলা বজায় রাখার লক্ষ্যে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ৮ই জুন, ১৯৯৬ হইতে (উক্ত তারিখসহ) ১৪ই জুন, ১৯৯৬ তারিখ পর্যন্ত সময়ের জন্য লাইসেন্সধারী সকল অস্ত্র মালিকের অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লঙ্ঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত section এর sub-section (2) তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য।

(৯১২১)

স্থান: ঢাকা ১০০

(খ) বিভিন্ন সরকারী, আধাসরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীগণ।

ব্যাখ্যা।—এই আদেশে, “শংখলা বাহিনী” বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শংখলা বাহিনী বোঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
 জেনারেল উদ্দিন আহমদ
 উপ-সচিব (রাষ্ট্রনৈতিক)।